# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) সি পি রাধাকৃষ্ণণের আজ দেশের পঞ্চদশ উপ-রাষ্ট্রপতি রূপে শপথ গ্রহণ/

(২)প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল থেকে দু-দিনের উত্তর-পূর্বাঞ্চল সফর/ নবনির্মিত ভৈরবী-সাইরাং রেলপথে তিনটি নতুন ট্রেনের যাত্রার ভার্চুয়াল সূচনা/

(৩) এই রেলপথে চলাচল করা তিনটি ট্রেনই মিজোরামের ভৈরবী রেলস্টেশন থেকে হাইলাকান্দি জেলায় প্রবেশ করবে এবং তিনটি ট্রেনেরই স্টপেজ হাইলাকান্দিতে থাকায় জেলাবাসীর সন্তোষ প্রকাশ/

(৪) আসামে টেট সহ অন্যান্য নিযুক্তি পরীক্ষা অর্থাৎ- টি সি আর'এর প্রার্থীদের এখন থেকে নিযুক্তির পূর্বে বৈধ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড জমা দিতে হবে বলে রাজ্যের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের নির্দেশ/

এবং

(৫) নতুনদিল্লিতে অনুষ্ঠিত জাতীয় চতুর্দশ ভোভিনাম মার্শাল আর্ট চ্যাম্পিয়নশিপে শিলচরের সহস্র রায়ের স্বর্ণপদক জয়/

--------------------------------------------------------------------------------

সি পি রাধাকৃষ্ণণ আজ দেশের পঞ্চদশ উপ-রাষ্ট্রপতি রূপে শপথ গ্রহণ করেছেন । আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে কার্যভার গ্রহণ এবং পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রাক্তন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড়, কেন্দ্রীয় মন্ত্রীগণ- রাজনাথ সিং, অমিত শাহ, জে পি নাড্ডা, পীযূষ গোয়েল এবং নীতিম গাডকারি সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । উল্লেখ্য- বিগত নয়ই সেপ্টেম্বর অনুষ্ঠিত উপ-রাষ্ট্রপতি নির্বাচনে এন ডি এ প্রার্থী সি পি রাধাকৃষ্ণণ আই

এন ডি আই মিত্রজোটের প্রার্থী বি. সুদর্শন রেড্ডিকে ১৫২ টি ভোটের ব্যবধানে পরাজিত করে দেশের পঞ্চদশ উপ-রাষ্ট্রপতি রূপে নির্বাচিত হন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচীতে আগামীকাল মিজোরাম ,মণিপুর ও আসামে আসবেন । প্রধানমন্ত্রী আগামীকাল সকাল ১০ টায় আইজলের লামুয়ালে আয়োজিত এক অনুষ্ঠানে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে নবনির্মিত ভৈরবী-সাইরাং রেলপথে তিনটি নতুন ট্রেনের যাত্রার শুভারম্ভ করবেন । এই নতুন ট্রেনগুলি হচ্ছে সাইরাং ও দিল্লীর মধ্যে সাপ্তাহিক রাজধানী এক্সপ্রেস ,সাইরাং ও গৌহাটীর মধ্যে দৈনিক এক্সপ্রেস এবং সাইরাং ও কোলকাতার মাধ্যে ত্রিসাপ্তাহিক এক্সপ্রেস ।

এরপর প্রধানমন্ত্রী মণিপুরে যাবেন এবং চূড়াচান্দপুর এবং ইম্ফালে দুটি জনসভায় অংশ নেবেন । মণিপুরের বেশকয়েকটি সংগঠন আজ মধ্যরাত থেকে আহুত ধর্মঘটের পরিপ্রেক্ষিতে সমগ্র রাজ্যে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । দুপুরে প্রধানমন্ত্রী গৌহাটী আসবেন এবং বিকেল ৫ টায় খানাপারার অসম পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত সুধাকণ্ঠ ড.ভুপেন হাজারিকার শতবার্ষিকী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । এই অনুষ্ঠানে তিনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের জারি করা ড.ভূপেন হাজারিকা স্মারক ১০০ টাকার মুদ্রা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবেন । প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে আসাম সরকারের তত্বাবধানে সংকলন করা ড.ভূপেন হাজারিকার বহুভাষিক জীবনী গ্রন্থেরও আনুষ্ঠানিক উন্মোচন করবেন ।

প্রধানমন্ত্রীর সম্মানে প্রায় একহাজার ২০০ জন শিল্পী খানাপারার খেলার মাঠে বিশ্ববন্দিত শিল্পীর ১৪ টি নির্বাচিত গান ও কবিতা একসঙ্গে পরিবেশন করবেন ।

প্রধানমন্ত্রী আগামীকাল কইনধারার রাজ্য অতিথিশালায় রাত কাটিয়ে আগামী রবিবার মঙ্গলদৈ যাবেন এবং প্রায় ৫৭৬ কোটি ব্যয়ে নির্মীয়মান দরং মেডিকেল কলেজ ও হাসপাতাল সহ একটি জি এন এম স্কুল ও একটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । সেইদিনই তিনি ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে প্রায় ৭ হাজার কোটি টাকা ব্যয়ে ব্রহ্মপুত্রের ওপর নারেঙ্গী-কুরুয়া সংযোগকারী সেতু এবং গৌহাটী রিং রোড প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

এরপর শ্রীমোদী গোলাঘাট জেলার নুমলীগড়ে যাবেন এবং নুমলীগড় তেল শোধনাগারে বিশ্বের প্রথম বাঁশভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । প্রধানমন্ত্রী শোধনাগারটির নতুন পলিপ্রপিলিন ইউনিটের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন । এরপর প্রধানমন্ত্রী যোরহাটের ররৈয়া বিমানবন্দর হয়ে নতুন দিল্লী ফিরে যাবেন ।

-----------------------------------------------------------------------------------------

এদিকে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ আইজলে এসে সাইরাং রেল স্টেশন পরিদর্শন করে বলেছেন যে রেললাইন সম্প্রসারণের কাজ দীর্ঘদিন স্থগিত থাকার পর আইজলের রেল সংযোগ আঞ্চলিক উন্নয়নকে উৎসাহিত করবে ,সুযোগ সৃষ্টি করবে এবং দেশ ও দেশের বাইরে যোগাযোগ উন্নত করবে ।
তিনি আরো বলেন যে রেলপথটি আভ্যন্তরীন পর্যটনকে উৎসাহিত করবে এবং স্থানীয় ব্যাবসাগুলিকে উপকৃত করবে । এছাড়া মিজোরামকে প্রত্যন্ত অঞ্চল হিসেবে দেখার ধারণা বদলে দেওয়া সহ শিক্ষা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় সংহতি আরো সুদৃঢ় হবে বলে তিনি উল্লেখ করেন ।

উল্লেখ্য আজ লেংপুই বিমানবন্দরে পৌঁছনোর পর মূখ্যমন্ত্রী পু লালডুহোমা ও অন্যান্য শীর্ষ আধিকারিকরা শ্রী বৈষ্ণকে স্বাগত জানান ।
কেন্দ্রীয় রেলমন্ত্রী আগামীকাল সাইরাং স্টেশন উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।
---------------------------------------------------------------------------------
মিজোরামের রেল মানচিত্রে অর্ন্তভুক্তির পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকার হাইলাকান্দি জেলায়ও এর ভালো প্রভাব পড়বে । হাইলাকান্দি জেলার মিজোরাম সীমান্ত সংলগ্ন ভৈরবী অঞ্চলকে এই রেলপথের সঙ্গে সংযোজিত করায় হাইলাকান্দিবাসীর সরাসরি রেল পরিষেবার সুযোগ লাভের দীর্ঘদিনের দাবীও পূরণ হচ্ছে । কারণ এই রেলপথে চলাচল করা তিনটি ট্রেনই মিজোরামের ভৈরবী রেলস্টেশন থেকে হাইলাকান্দি জেলায় প্রবেশ করবে । তিনটি ট্রেনেরই স্টপেজ হাইলাকান্দিতে থাকবে । উল্লেখ্য- পূর্বে হাইলাকান্দি থেকে গুয়াহাটি তথা দেশের অন্যান্য প্রান্তে যাওয়ার জন্য সরাসরি কোনো রেল পরিষেবা ছিল না । মিজোরামের এই সম্প্রসারিত রেল পরিষেবায় হাইলাকান্দিবাসীরও দীর্ঘদিনের দাবী পূরণ হওয়ায় জেলার জনসাধারণ সন্তোষ ব্যক্ত করেছেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।
এদিকে, আগামীকালের প্রধানমন্ত্রীর নতুন তিনটি ট্রেনের যাত্রা শুরু করা উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানের অংশ হিসেবে আগামীকাল বেলা এগারোটায় হাইলাকান্দি রেলস্টেশনেও এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি রেলস্টেশনকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে ।
---------------------------------------------------------------------------------
টেট সহ অন্যান্য নিযুক্তি পরীক্ষা অর্থাৎ- টি সি আর'এর প্রার্থীদের এখন থেকে নিযুক্তির পূর্বে বৈধ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড জমা দিতে হবে । রাজ্যের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় জারি করা এক নির্দেশ অনুসারে স্নাতক শিক্ষক এবং স্নাতকোত্তর

শিক্ষক পদের জন্য নিযুক্তির ক্ষেত্রে বৈধ বা রিনিউ করা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড জমা দিতে হবে । রাজ্যের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় যোগ্য প্রার্থীদের এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড প্রস্তুত রাখার পরামর্শ দিয়েছে ।

--------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে শ্রীভূমি জেলায়ও আগামীকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে শ্রীভূমি জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন আপোষ মিমাংসাযোগ্য মামলার দেওয়ানী ও ফৌজদারী মামলার নিষ্পত্তি করা হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

আসাম বিজ্ঞান সমিতি হাইলাকান্দি শাখার উদ্যোগে হাইলাকান্দিতে আগামী ১৪ই সেপ্টেম্বর ২৩তম বার্ষিক সায়েন্স মেরিট টেষ্ট অনুষ্ঠিত হবে । জেলার পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে । এই কেন্দ্রগুলি হচ্ছে - লালার এম এ জুনিয়র কলেজ , কৈয়া মডেল স্কুল , আলগাপুর অকল্যান্ড স্কুল , প্যারামাউন্ট সিনিয়র সেকেন্ডারী স্কুল এবং এরিট সিনিয়র সেকেন্ডারী স্কুল । হাইলাকান্দি জেলার মোট ২৫টি স্কুলের শিক্ষার্থী এই প্রতিযোগীতায় অংশগ্রহন করবে । ইতিমধ্যে পরীক্ষার্থীদের মধ্যে এডমিট কার্ড বিতরন শুরু হয়েছে । পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্বে থাকছেন অধ্যাপক অসীম কল্যান এবং সহযোগী হিসেবে  নজমূল ইসলাম মজুমদার থাকছেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর সঞ্চালকালয়ের পক্ষ থেকে তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর পড়ুয়াদের ২০২৫-২৬ সালের আর্থিক অনুদান এবং সহায়তার জন্য অনলাইন দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে । আগে এই দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা চৌঠা জুলাই পর্যন্ত ছিল । দরখাস্ত মাই স্কিম পোর্টালে জমা করা যাবে । হাইলাকান্দির মহকুমা কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর শিক্ষার্থীদের অনুদান এবং সহায়তার সুযোগ নিতে আবেদন জানানো হয়েছে । বিশদ বিবরণ মহকুমা কল্যাণ আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাবে ।

--------------------------------------------------------------------------------

নতুনদিল্লিতে অনুষ্ঠিত জাতীয় চতুর্দশ  ভোভিনাম মার্শাল আর্ট চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক জয় করেছে শিলচরের সহস্র রায় । নতুনদিল্লির তালটোকরা স্টেডিয়ামে অনুষ্ঠিত এই

প্রতিযোগিতায় দেশের ২৭টি রাজ্য থেকে প্রায় সাতশো প্রতিযোগী অংশগ্রহণ করে । কাছাড় জেলা ভোভিনাম অ্যাসোসিয়েশনের প্রশিক্ষার্থী সহস্র রায় আসামের হয়ে জুনিয়র বয়েজ ৫৪-৫৫ কিলোগ্রাম বিভাগে স্বর্ণপদক লাভ করেছে । অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে রামজয় দাস জানিয়েছেন যে- সহস্র দীর্ঘদিন ধরে কঠোর পরিশ্রম ও একাগ্রতার সঙ্গে অনুশীলন করে আসছিল, যার ফলশ্রুতিতেই এই সাফল্য এসেছে বলে মন্তব্য করে তিনি সহস্রের এই জয়কে সমগ্র আসামের জন্য গর্বের বিষয় বলে উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------------------